# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭১৭

৮/ সাওম (রোজা) (كتاب الصوم عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সায়িমের অনিচ্ছাকৃত বমি।

## باب مَا جَاءَ فِي الصَّائِمِ يَذْرَعُهُ الْقَىْءُ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدٍ الْمُحَارِبِيُّ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ زَيْدِ بْنِ أَسْلَمَ، عَنْ أَبِيهِ، عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ، عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " ثَلاَثٌ لاَ يُفْطِرْنَ الصَّائِمَ الْحِجَامَةُ وَالْقَىْءُ وَالاِحْتِلاَمُ " . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ حَدِيثٌ غَيْرُ مَحْفُوظٍ . وَقَدْ رَوَى عَبْدُ اللَّهِ بْنُ زَيْدِ بْنِ أَسْلَمَ وَعَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ وَغَيْرُ وَاحِدٍ هَذَا الْحَدِيثَ عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ مُرْسَلاً . وَلَمْ يَذْكُرُوا فِيهِ عَنْ أَبِي سَعِيدٍ . وَعَبْدُ الرَّحْمَنِ بْنُ زَيْدِ بْنِ أَسْلَمَ يُضَعَّفُ فِي الْحَدِيثِ . قَالَ سَمِعْتُ أَبَا دَاوُدَ السِّجْزِيَّ يَقُولُ سَأَلْتُ أَحْمَدَ بْنَ حَنْبَلٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ زَيْدِ بْنِ أَسْلَمَ فَقَالَ أَخُوهُ عَبْدُ اللَّهِ بْنُ زَيْدٍ لاَ بَأْسَ بِهِ . قَالَ وَسَمِعْتُ مُحَمَّدًا يَذْكُرُ عَنْ عَلِيِّ بْنِ عَبْدِ اللَّهِ الْمَدِينِيِّ قَالَ عَبْدُ اللَّهِ بْنُ زَيْدِ بْنِ أَسْلَمَ ثِقَةٌ وَعَبْدُ الرَّحْمَنِ بْنُ زَيْدِ بْنِ أَسْلَمَ ضَعِيفٌ . قَالَ مُحَمَّدٌ وَلاَ أَرْوِي عَنْهُ شَيْئًا .

বাংলা

৭১৭. মুহাম্মাদ ইবনু উবায়দ মুহারিবী (রহঃ) .... আবূ সাঈদ খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ তিনটি বিষয় সায়িমের সাওম ভঙ্গ হয় না। (১) সিঙ্গা লাগান (২) বমি এবং (৩) স্বপ্নদোষ। - তাখরীজ হাকিকাতুস সিয়াম ২১-২২, যইফ আবু দাউদ ৪০৯, তিরমিজী হাদিস নম্বরঃ ৭১৯ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, আবূ সাঈদ খুদরী (রাঃ) থেকে বর্ণিত এই রিওয়ায়াতটি নির্ভরযোগ্য নয়। আবদুল্লাহ ইবনু যায়িদ ইবনু আসলাম, আবদুল আযীয ইবনু মুহাম্মাদ প্রমূখ এই হাদিসটিকে যায়িদ ইবনু আসলাম (রহঃ) থেকে মুরসালরূপে বর্ণনা করেছেন। এতে তারা আবূ সাঈদ খুদরী (রাঃ) এর উল্লেখ করেননি। আবদুর রহমান ইবনু যায়িদ ইবনু আসলাম হাদিস বর্ণনায় যইফ। আবূ দাউদ সিজাযী (রহঃ) কে বলতে শুনেছি, আমি ইমাম

আহমাদ ইবনু হাম্বাল (রহঃ) কে আবদুর রহমান ইবনু যায়িদ ইবনু আসলাম সম্পর্কে জিজ্ঞাসা করলে, তিনি বললেন, তার ভাই আবদুল্লাহ ইবনু যায়িদ সম্বন্ধে কোন দোষ নাই। মুহাম্মাদ (বুখারী) (রহঃ) কে আলী ইবনু আবদুল্লাহ থেকে বর্ণনা করতে শুনেছি যে তিনি বলেছেন, আবদুল্লাহ ইবনু যায়িদ ইবনু আসলাম হলেন নির্ভরযোগ্য। আর আবদুর রহমান ইবনু যায়িদ ইবনু আসলাম হলেন যইফ। মুহাম্মাদ (রহঃ) বলেন, আমি তার থেকে কি কিছুই রিওয়ায়াত করব না।

## English

Abu Sa'eed Al-Khudri narrated that:
the Messenger of Allah said: "Three things do not break the fast of the fasting person: Cupping, vomiting, and the wet dream."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17906

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন